

স্বাক্ষর  
Haque  
২২/০২/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৪.০২.১৩৩.২০১৫- ৬০৪

তারিখ: ২৬/০৮/ ১৪২৪  
২০/০২/ ২০১৭

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: রফিকুল ইসলাম সিদ্দিকী, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), বানিয়াচং, হবিগঞ্জ [ সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), মেঘনা, কুমিল্লা ]-এর বিরুদ্ধে গত ১৫/০৩/২০১৬ খ্রি: তারিখের ৩৮.১০৫.০২৭.০৪.০২.১৩৩.২০১৫/এইউইও-বিমা-০৪/১৬/১১৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তার আবেদনের প্রেক্ষিতে গত ০৯/০৫/২০১৬ খ্রি: তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তার জবাব সন্তোষজনক না হওয়ায় অধিকতর তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, বিভাগীয় তদন্তেও তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তার অনুকূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর জবাবও সন্তোষজনক না হওয়ায় তাকে “চাকুরি হতে বাধ্যতামূলক অবসর” প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে প্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি ৬ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে মতামত গ্রহণের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশনে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মো: রফিকুল ইসলাম সিদ্দিকী, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), বানিয়াচং, হবিগঞ্জ [ সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), মেঘনা, কুমিল্লা ]-কে “চাকুরি হতে বাধ্যতামূলক অবসর” দস্ত প্রদান প্রস্তাবের সাথে একমত পোষণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় তার উপর “চাকুরি হতে বাধ্যতামূলক অবসর” দস্ত আরোপের চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: রফিকুল ইসলাম সিদ্দিকী, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), বানিয়াচং, হবিগঞ্জ [ সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), মেঘনা, কুমিল্লা ]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(বি) উপবিধি অনুযায়ী “সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর” দস্ত প্রদান করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক  
A


স্মারক নং- ৩৮.১০৫.০২৭.০৪.০২.১৩৩.২০১৫- ৬০৪/(২৬)

তারিখ: ২৬/৮/১৪২৪  
২০/১২/২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।  
[ দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়]
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[ দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ]
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৪. উপনিয়ন্ত্রক, সরকারী প্রকাশনা ও মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা, (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ✓ ৫. সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
৮. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৯. সহকারী পরিচালক (প্রশাসন-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
১২. উপজেলা শিক্ষা অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
১৩. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
১৪. জনাব মো: রফিকুল ইসলাম সিদ্দিকী, উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), বানিয়াচং, হবিগঞ্জ [সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:), মেঘনা, কুমিল্লা]।
১৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. সংরক্ষণ নথি।

  
(মো: আবুল কালাম সিদ্দিকী)  
সহকারী পরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
ফোন: ৫৫০৭৪৮৮০